পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
ফোনঃ ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়নঃ
pgcl.org.bd

নম্বর ২৮.১৮.০০০০.০৫৪.৪০.০০১.২৩.২৪

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০
১৫ অক্টোবর ২০২৩

নৈতিকতা কমিটির সভার বিজ্ঞপ্তি

পিজিসিএল-এর অফিস আদেশ নং- ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২১৯; তারিখঃ ২০ জুন ২০২৩ এর মাধ্যমে গঠিত "পিজিসিএল নৈতিকতা কমিটি" এর একটি সভা অদ্য ১৫ অক্টোবর ২০২৩ তারিখ রবিবার দুপুর ০৩:০০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম-এ কমিটির আহ্বায়ক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় পিজিসিএল নৈতিকতা কমিটি-এর সকল সদস্যকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ**

| | |
|---|---|
| ক) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন প্রতিবেদন সভাকে অবহিতকরণ। |
| খ) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর ২য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নে করণীয় নির্ধারণ। |
| গ) | সভাপতির সম্মতিক্রমে বিবিধ। |

১৫-১০-২০২৩
প্রকৌ. রাজীব ভট্টাচার্য্য
ব্যবস্থাপক (আইসিটি) এবং ফোকাল পয়েন্ট,
পিজিসিএল নৈতিকতা কমিটি
ফোন: ০২৫৮৮৮৩০৮৫৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৩) উপ-মহাব্যবস্থাপক, এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৪) উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৬) সহকারী প্রকৌশলী (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, পিজিসিএল নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ১৫ অক্টোবর ২০২৩, |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | কনফারেন্স রুম। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

১.০ সভাপতি মহোদয় সভায় উপস্থিত পিজিসিএল নৈতিকতা কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় গত ০৩/১০/২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা’র ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করায় কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে সরকারের নতুন ভিশন ‘স্মার্ট বাংলাদেশ’ বিনির্মাণে নৈতিকতা কমিটির সদস্যদের সচেষ্ট ও অগ্রনী ভুমিকা পালন করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে সভাপতির সম্মতিতে পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|
| ১) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-১.১ এ “নৈতিকতা কমিটির সভা আয়োজন” এর উল্লেখ রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের ১ম মাসে নৈতিকতা কমিটির সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়নে করণীয় বিষয়ে আলোচনা করা হয়। আহবায়ক মহোদয় নৈতিকতা কমিটির সভাটি প্রতি কোয়ার্টারের ১ম মাসে আয়োজন করা এবং এর কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের ১ম মাসে পিজিসিএল নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | পিজিসিএল নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ২) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-১.২ এ “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা”- আয়োজনের উল্লেখ রয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহক/অংশীজনদের নিয়ে একটি অংশীজন সভা আয়োজন করতে হবে। উক্ত অংশীজন সভায় অংশীজন হিসাবে বিভিন্ন শ্রেণির গ্রাহক, গ্রাহকদের বিল আদায়ে সহায়তাকারী ব্যাংক, বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিনিধি এবং পেট্রোবাংলা ও পেট্রোবাংলার অধিনস্ত কোম্পানিসমূহের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানোর প্রস্তাব করেন। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহক / অংশীজনদের নিয়ে একটি অংশীজন সভা আয়োজন করা। | পিজিসিএল নৈতিকতা কমিটি |
| ৩) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক- ১.৩ এ “শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন” এর লক্ষ্যমাত্রা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। তিনি আরও জানান স্বাক্ষরিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে কমপক্ষে ৫০ জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। কার্যক্রমটি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (এইচআর)। তিনি জানান আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৫০ জন কর্মকর্তা/কর্মচারী নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। সভাপতি মহোদয় দ্রুত প্রশিক্ষণটি আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৫০ জন কর্মকর্তা/কর্মচারী নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা। | উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |
| ৪) | কমিটির সদস্য-সচিব জানান, কর্ম-পরিকল্পনার ক্রমিক-১.৪ এ “কর্ম-পরিবেশ উন্নয়ন” বর্ণিত কার্যক্রমের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সচেতনা বৃদ্ধির লক্ষ্যে ২য় কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে “১.৪.২ কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে কার্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন করা” কার্যক্রমটি বাস্তবায়নের উল্লেখ্য রয়েছে। সভাপতি মহোদয় পিজিসিএল-এর প্রধান কার্যালয় ও সকল আঞ্চলিক কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়নের সচেনতা বৃদ্ধির জন্য আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে যে কোন একদিন কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে স্ব-স্ব দপ্তর/কক্ষ ও তদসংলগ্ন স্থান পরিস্কার পরিচ্ছন্ন করার নিমিত্ত অফিস আদেশ জারি করার জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অনুরোধ করেন। উক্ত কার্যক্রমটি বাস্তবায়নপূর্বক প্রমাণকস্বরূপ ছবি ও অফিস আদেশ অগ্রগতি প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে। | কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে কার্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন করার কার্যক্রমটি বাস্তবায়নকরত: প্রমাণকস্বরূপ ছবি ও অফিস আদেশ দাখিল করা। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৫) | কমিটির সদস্য-সচিব জানান, কর্ম-পরিকল্পনার ক্রমিক-৩.১ এ “সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ” কার্যক্রমের উল্লেখ রয়েছে। কার্যক্রমটি মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) মহোদয়গণের তত্ত্বাবধানে বাস্তবায়িত হবে। সদস্য-সচিব আরও জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকায় সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার জন্য নির্ধারিত ছক রয়েছে। কোম্পানির বিক্রয় ও রাজস্ব শাখা/উপ-শাখায় আগত সেবা প্রত্যাশীদের তথ্য উক্ত ছক অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ এবং প্রতি তিনমাস পর পর রেজিস্টারের সত্যায়িত স্ক্যানকপি নৈতিকতা কমিটির নিকট দাখিল করার জন্য মহাব্যবস্থাপক (ফিন্যান্স) এবং মহাব্যবস্থাপক (বিপণন) মহোদয়গণকে পত্র প্রদান করা যেতে পারে। | কোম্পানির বিক্রয় ও রাজস্ব শাখা/উপ-শাখায় আগত সেবা প্রত্যাশীদের তথ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ এবং প্রতি তিনমাস পর পর রেজিস্টারের সত্যায়িত স্ক্যানকপি নৈতিকতা কমিটির নিকট দাখিল করা। | মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) |
| ৬) | কমিটির সদস্য-সচিব জানান, পেট্রোবাংলার নৈতিকতা কমিটির নির্দেশনা অনুযায়ী পিজিসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত নয় এমন কিছু কার্যক্রম নৈতিকতা কমিটির সভায় গ্রহন করতে হবে এবং উক্ত কোয়ার্টারের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সভায় সদস্য-সচিব ২য় কোয়ার্টারে শুদ্ধাচার ও নৈতিকতা বৃদ্ধির নিমিত্ত শুদ্ধাচার ও নৈতিকতা সংশ্লিষ্ট উদ্বুদ্ধকরণ স্লোগান/উক্তি সম্বলিত স্টিকার কোম্পানির প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের প্রবেশদ্বার, সকল দপ্তর ও ওয়েবসাইটে প্রকাশ করার প্রস্তাব করেন। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ উক্ত কার্যক্রম গ্রহণে একমত হন। | আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিমিত্ত শুদ্ধাচার ও নৈতিকতা সংশ্লিষ্ট উদ্বুদ্ধকরণ স্লোগান/উক্তি সম্বলিত স্টিকার কোম্পানির প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের প্রবেশদ্বার, সকল দপ্তর ও ওয়েবসাইটে প্রকাশ করা | পিজিসিএল নৈতিকতা কমিটি |

২.০ সভাপতি মহোদয় পূর্ববর্তী অর্থ বছরগুলোর কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ন্যায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (২য় কোয়ার্টার)-টি যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা এবং কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রমাণক সংরক্ষন করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

প্রকৌ. মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক,
পিজিসিএল নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০৫৪.৪০.০০১.২৩.২৫

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

পরিশিষ্টঃ 'ক'

**পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড**
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

## ১৫ /১০/২০২৩ তারিখে পিজিসিএল নৈতিকতা কমিটি'র সভার উপস্থিতি

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | নৈতিকতা কমিটি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | প্রকৌ. মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী<br>ব্যবস্থাপনা পরিচালক | আহ্বায়ক | [signature] ১৫/১০/২০২৩ |
| ২। | মোঃ আবু তালেব ফরাজী<br>মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য | [signature] ১৫/১০/২০২৩ |
| ৩। | এইচ,এম, জুলফিকার<br>উপ-মহাব্যবস্থাপক (এ্যাকাউন্টস) | সদস্য | [signature] ১৫/১০/২০২৩ |
| ৪। | এ.কে.এম. মাহমুদ হাসান চৌধুরী<br>উপ-মহাব্যবস্থাপক (হিউম্যান রিসোর্স) | সদস্য | [signature] |
| ৫। | রাজীব ভট্টাচার্য্য<br>ব্যবস্থাপক (আইসিটি) | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | [signature] ১৫/১০/২০২৩ |
| ৬। | সুজিত কুমার সেন<br>সহকারী প্রকৌশলী (ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর) | সদস্য ও<br>বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা | [signature] 15.10.2023. |
| | | | |